গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
কমন সার্ভিস শাখা,
----

তারিখ: ১৩ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
২৬ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

**নম্বর:** ২৪.০৬.০০০০.০০০.০০৭.৩৫.০০৭৪.১৯.৬৫

**অফিস আদেশ**

বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের আওতাধীন জোনাল রেশম সম্প্রসারণ কার্যালয়, গাজীপুরের অধীন ময়মনসিংহ মিনিফিলেচার কেন্দ্র, ময়মনসিংহে কর্মরত নিরাপত্তা প্রহরী জনাব সৈয়দ মোহাম্মদ আলী গত ২১-০৭-১৯৯১ খ্রি. তারিখে বোর্ডের চাকুরীতে যোগদান করেন। তাঁর জন্ম তারিখ ০১-০৫-১৯৬৭ খ্রি. হওয়ায় ৩০-০৪-২০২৬ খ্রি. তারিখে তাঁর বয়স ৫৯ (উনষাট) বছর পূর্ণ হবে। এক্ষণে, গণ কর্মচারী অবসর আইন ২০১৮ এর ধারা ৪৩(১)(ক) এবং বাংলাদেশ রেশম বোর্ডের কর্মচারী চাকুরী প্রবিধানমালা'২০২৪ এর ধারা ৬৩ মোতাবেক মোতাবেক সংশ্লিষ্ট কর্মচারীকে ০১-০৫-২০২৬ খ্রি. থেকে নিম্নবর্ণিতভাবে অবসরোত্তর আর্থিক সুবিধাদি পরিশোধের অনুমতি দেওয়া হলো।

(১) তাঁর ০১-০৫-২০২৬ খ্রিঃ হতে ৩০-০৪-২০২৭ খ্রিঃ তারিখ পর্যন্ত ০১(এক) বছর পূর্ণ বেতনে অবসর উত্তর ছুটি (পি.আর.এল) মঞ্জুর করা হলো।

(২) তাঁর বোর্ডের চাকুরীতে প্রথম যোগদানের তারিখ ২১-০৭-১৯৯১ খ্রি. হতে ৩০-০৪-২০২৭ খ্রি. পর্যন্ত সময়কালের গ্র্যাচুইটির অর্থ দেনা-পাওনা আদায়/সমন্বয় সাপেক্ষে বিধি মোতাবেক প্রদানের অনুমোদন দেওয়া হলো।

(৩) তাঁর গড় বেতনে ৭৫১ দিন এবং অর্ধ গড় বেতনে ৯৯৮ দিন অভোগকৃত পাওনা ছুটির মধ্য হতে ১(এক) বছর পিআরএল বাদে অবশিষ্ট ছুটির বিপরীতে তাঁর সর্বশেষ আহরিত মূল বেতনের সমপরিমাণ হারে ১৮ (আঠার) মাসের অর্থ প্রদানের অনুমতি দেওয়া হলো।

(৪) তাঁর জমাকৃত সিপিএফ এর অর্থ দেনা-পাওনা আদায়/সমন্বয় সাপেক্ষে অত্র বোর্ডের সিপিএফ ট্রাষ্টি বোর্ড কর্তৃক প্রদানের অনুমোদন দেওয়া হলো।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

২৬-০৪-২০২৬
মোছা: নাছিমা খাতুন
পরিচালক (প্রশাসন) (অতিরিক্ত দায়িত্ব)
ফোন : ০২৫৮৮৮৫১২১৭
ইমেইল : sec.raj.15@gmail.com

তারিখ: ১৩ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
২৬ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

নম্বর: ২৪.০৬.০০০০.০০০.০০৭.৩৫.০০৭৪.১৯.৬৫/১ (৭)

**অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক (অর্থ ও পরিকল্পনা)/(সম্প্রসারণ)/(উৎপাদন ও বিপণন)/(প্রশাসন)/(গবেষণা ও প্রশিক্ষণ), বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী)।

২। প্রধান সম্প্রসারণ কর্মকর্তা/প্রধান পরিকল্পনা কর্মকর্তা/প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা/প্রধান উৎপাদন ও বিপণন কর্মকর্তা/প্রধান মনিটরিং কর্মকর্তা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।

৩। উপ-প্রধান নিরীক্ষক, নিরীক্ষা শাখা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড।

৪। উপ-পরিচালক, আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয়, গাজীপুর।

৫। পি এ টু মহাপরিচালক, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।।

৬। বিল সহকারি (অতিরিক্ত দায়িত্ব) প্রশাসন শাখা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।

৭। সৈয়দ মোহাম্মদ আলী, নিরাপত্তা প্রহরী, ময়মনসিংহ মিনিফিলেচার কেন্দ্র, ময়মনসিংহ।



২৬-০৪-২০২৬
মোছা: নাছিমা খাতুন
পরিচালক (প্রশাসন) (অতিরিক্ত দায়িত্ব)